

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৭২

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - আল্লাহ তা'আলার রহমতের ব্যাপকতা

بَابُ سَعْةِ رَحْمَةِ اللهِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يُدْخِلُ أَحَدًا مِنْكُمْ عَمَلُهُ الْجَنَّةَ وَلَا يُجِيرُهُ مِنَ النَّارِ وَلَا أَنا إِلا برحمةِ الله» . رَوَاهُ مُسلم

বাংলা

২৩৭২-[৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কাউকেই তার 'আমল ('ইবাদাত-বন্দেগী) জান্নাতে পৌঁছাতে পারবে না এবং তাকে জাহান্নাম হতেও মুক্তি দিতে পারবে না, এমনকি আল্লাহর রহমত ছাড়া আমাকেও নয়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৮১৭, সহীহ আল জামি ৭৬৬৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا بِرَحْمَةِ اللهِ) অর্থাৎ- আল্লাহর রহমাতজনিত 'আমল ছাড়া জান্নাতে প্রবেশ করা যাবে না। অতএব পৃথককৃত অংশটুকু যার থেকে পৃথক করা হয়েছে তার জাতেরই অন্তর্ভুক্ত। অতএব জান্নাতে প্রবেশ করা কেবল কৃপার মাধ্যমেই সাব্যস্ত। আর জান্নাতের স্তরসমূহ ইনসাফের দাবী অনুযায়ী 'আমলকারীর 'আমল অনুপাতে সাব্যস্ত। ইমাম আহমাদ একে তাঁর কিতাবের ৩য় খণ্ড-র ৩৩৭ পৃষ্ঠাতে জাবির থেকে আবৃ সুফ্ইয়ান কর্তৃক সানাদে (الله الماله قال ولا اياى الا ان) অর্থাৎ- "তোমরা 'আমলে মধ্যম পন্থা ও সোজা পন্থা অবলম্বন কর, কেননা তোমাদের মধ্যে কেউ এমন নেই যে, তার 'আমল তাকে মুক্তি দিতে পারে। তারা বলল, হে আল্লাহর রসূল! আপনাকেও না? তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমাকেও না তবে আল্লাহ যদি তাঁর রহমাতের মাধ্যমে আমাকে আচ্ছাদিত করে নেয় তবে আলাদা কথা।" এ শব্দের মাধ্যমে সংকলন করেছেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন